**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 27.04.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় আগামী ৭ ই মে রাজ্যের চারটি আসন মালদা উত্তর ও দক্ষিণ, মুর্শিদাবাদ এবং জঙ্গীপুরে ভোট নেওয়া হবে। এজন্য জোরদার প্রচার চলেছে।

২) সন্দেশখালিতে গতকালের অস্ত্র উদ্ধারের পর আজ হাসনাবাদে একটি বাড়িতে বোমা বিস্ফোরণে রাজ্য রাজনীতিতে চাঞ্চল্য দেখা দিয়েছে।

তৃণমূল কংগ্রেস ও বিজেপি-র মধ্যে এই নিয়ে চলছে অভিযোগ-পাল্টা অভিযোগের পালা।

৩) রাজ্যের বেশিরভাগ জেলায় তাপপ্রবাহ চলছে। আপাতত এর থেকে কোনো স্বস্তির আভাস নেই বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

নজিরবিহীন গরমের সঙ্গে পাল্লা দিয়ে রাজ্যে বিদ্যুতের চাহিদাও নতুন রেকর্ড তৈরি করেছে।

৪) আগামীকাল এরাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা।

--------------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের তৃতীয় দফায় আগামী ৭ই মে রাজ্যের চারটি আসন মালদা উত্তর, মালদা দক্ষিণ, মুর্শিদাবাদ ও জঙ্গিপুর আসনে ভোট নেওয়া হবে। এই জন্য প্রচার এখন আরও জোরদার হয়েছে।

পরবর্তী দফার ভোটগ্রহণের জন্যও প্রচার চলছে। তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পশ্চিম বর্ধমানের কুলটিতে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় যোগ দেন। বিজেপির সমালোচনা করে তিনি বলেন,

বাইট

শ্রীমতি ব্যানার্জী আজ আসানসোলেও জনসভা করেছেন।

বিরোধী নেতা বিজেপির শুভেন্দু অধিকারী পূর্ব মেদিনীপুরের কাঁথিতে তৃণমূল কংগ্রসেরে সমালোচনা করে বলেন, শাসকদল এখানে দুর্নীতির ওপরেই নির্ভর করে আছে।

বাইট

পূর্ব বর্ধমানের কালনায় বিজেপির প্রার্থীর সমর্থনে প্রচার চালান অভিনেতা মিঠুন চক্রবর্তী।

পান্ডুয়ায় তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নেন অভিনেতা দেব।

----------------------

দ্বিতীয় দফার ভোটগ্রহণে গতকাল রাজ্যের ৩ আসনে গড়ে ৭৬ দশমিক ৫/৮ শতাংশ ভোট পড়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ৭৯ দশমিক ০/৯ শতাংশ ভোট

পড়েছে বালুরঘাটে, রায়গঞ্জে ৭৬ দশমিক ১/৮ শতাংশ এবং দার্জিলিংয়ে ৭৪ দশমিক ৭/৬ শতাংশ ভোট পড়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে খবর।

---------------------

সন্দেশখালিতে গতকালের অস্ত্র উদ্ধারের পর আজ হাসনাবাদে এক বিজেপি নেতার বাড়িতে বোমা বিস্ফোরণে রাজ্য রাজনীতিতে তুমুল চাঞ্চল্য দেখা দিয়েছে।

উত্তর চব্বিশ পরগনার হাসনাবাদের কালীবাড়ির দক্ষিণ শিমুলিয়া এলাকায় বিজেপি নেতা নিমাই দাসের ভাই দিলীপ দাসের বাড়িতে আজ দুপুরে হঠাৎ বিস্ফোরন ঘটে। এই বিস্ফোরণে দিলীপ দাসের স্ত্রী শ্যামলী দাস আহত হয়েছেন। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে ছুটে যায় হাসনাবাদ থানার বিশাল পুলিশ বাহিনী। পুলিশ দিলীপ দাসকে আটক করে জিজ্ঞাসবাদ করছে। বম্ব ডিসপোজাল স্কোয়াড বাড়িটিতে তল্লাশি চালাচ্ছে।

এদিকে দিলীপ দাসকে আটক করায় বিজেপি বিক্ষোভ দেখায়। তারা পুলিশের কাছে অভিযোগ করে, তৃণমূল কংগ্রেসের লোকজন দিলীপ দাসের বাড়িতে লুকিয়ে বোমা রেখে আসে। পুলিশ তার বাড়িটি সিল করে দিয়েছে। ফরেন্সিক টিমকে খবর দেওয়া হয়েছে।

লোকসভা নির্বাচনে এলাকায় সন্ত্রাস তৈরি করার জন্য ওই বিজেপি নেতার বাড়িতে বোমা মজুদ করে রাখা ছিল বলে তৃণমূল কংগ্রেসের দাবি। দলের নেতা কুনাল ঘোষ বলেন,

বাইট

অন্যদিকে বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য বলেছেন,

বাইট

---------------------

সন্দেশখালির হাটগাছি গ্রাম পঞ্চায়েতের শিমূলহাটি গ্রামে আজ ফের সিবিআই-এর একটি দল যায়। সেখানকার বাসিন্দাদের অভিযোগ, শেখ শাহজাহানের দল, তাদের জমি জোর করে দখল করে নিচ্ছে। এই ব্যাপারে সিবিআই জিজ্ঞাসাবাদ চালাচ্ছে।

উল্লেখ্য, গতকাল সিবিআই সন্দেশখালির একটি বাড়ি থেকে প্রচুর আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক ও  শেখ শাহজাহানের সচিত্র পরিচয়পত্র, গুরুত্বপূর্ন নথি উদ্ধার করেছে।

---------------------

বিজেপি নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন পশ্চিমবঙ্গ সন্ত্রাসবাদি ও বিচ্ছিন্নতাবাদীদের স্বর্গ রাজ্য হয়ে উঠেছে। আজ সাংবাদিকদের তিনি বলেন,

বাইট

---------------------

দলের ভাবমূর্তিকে ক্ষুন্ন করতেই কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই এবং এনএসজি যৌথভাবে গতকাল সন্দেশখালিতে অভিযান চালিয়েছে বলে তৃণমূল কংগ্রেস, নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিককে লেখা এক চিঠিতে তারা এই অভিযোগ জানিয়ে বলে, কোনো আগাম নোটিশ ছাড়াই এই অভিযান চালানো হয়েছে। বিজেপির মদতেই এই অভিযান চালানো হয়েছে বলে তাদের তরফে দাবি।

---------------------

লোকসভা ভোটে মুর্শিদাবাদ জেলায় তৃণমূল কংগ্রেস কোনোরকম সন্ত্রাস বা বুথ দখল করতে পারবে না বলে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। আজ এক সাংবাদিক সম্মেলনে শ্রী চৌধুরী বলেন, এজন্য কংগ্রেস পুরোপুরি প্রস্তুতি নিয়েছে। সন্দেশখালিতে গতকাল শাহজাহান ঘনিষ্ঠের বাড়ি থেকে অস্ত্র উদ্ধারের

বিষয়ে শ্রী চৌধুরী বলেন, রাজ্যে পুলিশ, সিআইডি সক্রিয় হলে হাইকোর্টকে সিবিআই-এর তদন্তের নির্দেশ দিতে হত না। অস্ত্র উদ্ধারের জন্য এনএসজি-কেও আসতে হত না।

বাইট

---------------------

বিজেপি তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে আবারও নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ জানিয়েছে। বিজেপি নেতা শিশির বাজোরিয়া আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে লেখা এক চিঠিতে হলদিয়ায় হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের তৃণমূল কংগ্রেস শ্রমিক ইউনিয়নের বিরুদ্ধে বিধি ভঙ্গের অভিযোগ করেন।

---------------------

উত্তর ও উত্তর পশ্চিম দিক থেকে আসা শুষ্ক বাতাসের প্রভাবে তীব্র গরমের জেরে রাজ্যের বেশীরভাগ জেলায় সাধারণ জনজীবন ব্যাহত। আবহাওয়া দফতর আগামী মঙ্গলবার পর্যন্ত বেশীরভাগ জেলাতেই তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে।

দক্ষিণবঙ্গে পূর্ব ও পশ্চিম বর্ধমান, দুই মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া ও ঝাড়গ্রাম জেলায় মঙ্গলবার পর্যন্ত তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরেও কমলা সতর্কতা এবং জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ারে আর্দ্র ও অস্বস্তিকর গরমের হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪১ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৫ ডিগ্রি বেশি।

---------------------

নজিরবিহীন গরমের সঙ্গে পাল্লা দিয়ে রাজ্যে বিদ্যুতের চাহিদাও নতুন রেকর্ড তৈরি করেছে। গত বছর জুন মাসে রাজ্য বিদ্যুৎ বন্টন সংস্থার বিদ্যুতের চাহিদা ছিল ৯২০০ মেগাওয়াট। সেই তুলনায় চলতি মরশুমে এই চাহিদা আরও প্রায় ৬-৭ শতাংশ বেড়েছে বলে বিদ্যুৎ দফতর সূত্রে খবর। গতরাতে বণ্টন নিগম এলাকায় চাহিদা বেড়ে রেকর্ড— ৯ হাজার ৯৩৫ মেগাওয়াটে দাঁড়ায় বলে বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস জানিয়েছেন।

অন্যদিকে সিইএসসি-র এলাকায় এই চাহিদা ছিল ২৭২৮ মেগাওয়াট। শহরতলিতে যাতে কোনওভাবে বিদ্যুৎবিভ্রাট না হয় তার জন্য দফতর প্রস্তুত রয়েছে বলেও তিনি জানান।

---------------------

রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে আগামীকাল। ইঞ্জিনিয়ারিং, ফার্মেসি ও স্থাপত্যবিদ্যার কলেজগুলিতে ভর্তির জন্য এই প্রবেশিকা পরীক্ষায় এবার ১'লক্ষ ৪২ হাজারের বেশী ছাত্র-ছাত্রী নাম নথিভুক্ত করেছে। ৩২৮টি কেন্দ্রে এই পরীক্ষা নেওয়া হবে। এর মধ্যে রাজ্যের বাইরে তিনটি কেন্দ্র রয়েছে- দু'টি ত্রিপুরার আগরতলায় ও একটি অসমের শিলচরে।

সকাল ১১ টা থেকে ১'টা এবং ২ টো থেকে ৪'টে পর্যন্ত দু-ভাগে এই পরীক্ষা নেওয়া হবে। গরমের হাত থেকে বাঁচতে পড়ুয়াদের সকাল সাড়ে ৯'টাতেই পরীক্ষা কেন্দ্রে পৌছে যাওয়ার পরামর্শ দিয়েছে রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ড।

পরীক্ষার্থীদের সুবিধার্থে পূর্ব রেল আগামীকাল হাওড়া ডিভিশনে বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ভোর ৫'টা ৪৫ থেকে ৮'টা ৪০ পর্যন্ত এবং বিকেল ৪'টে ২৫ থেকে ৬'টা ১৫ পর্যন্ত এই বিশেষ ট্রেন পরিষেবা দেওয়া হবে বলে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

**মেট্রো রেল'ও আগামীকাল উত্তর-দক্ষিণের ব্লু লাইনে বিশেষ ট্রেন চালাবে। কবি সুভাষ, দমদম ও দক্ষিণেশ্বর- তিনটি স্টেশনেই সকাল ৯টার পরিবর্তে ট্রেন চালাচল শুরু হবে সাড়ে ৮'টায়।**

রাজ্যের পরিবহন দপ্তরও আগামীকাল বিশেষ বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সকাল সাড়ে আটটা থেকে ১১ টা পর্যন্ত এবং বিকেলে সাড়ে তিনটে থেকে সাড়ে পাঁচটা পর্যন্ত অতিরিক্ত বাস চলবে।

---------------------

অরুণাচল প্রদেশের রাজীব গান্ধী বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতার পড়ুয়াদের একটি দল আজ আকাশবাণী কলকাতা কেন্দ্র পরিদর্শন করেন। অরুণাচল প্রদেশ, আসাম সহ পূর্বাঞ্চলীয় রাজ্যের প্রত্যন্ত এলাকা থেকে আসা ২৭ জন পড়ুয়া আকাশবাণীর, বিশেষ করে সংবাদ বিভাগের কাজকর্ম সম্পর্কে অবহিত হন। তাঁদের বেতার সাংবাদিকতার খুঁটিনাটি সম্পর্কে অবগত করেন সংবাদ বিভাগের কর্মীরা। তাঁদের আকাশবাণী কলকাতা কেন্দ্রের ঐতিহ্যবাহী স্টুডিও এবং কন্ট্রোলরুম ঘুরিয়ে দেখানো হয়।

---------------------

আইএসএলের সেমিফাইনালে দ্বিতীয় পর্বের ম্যাচে যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট আগামীকাল ওড়িশা এফ সি র মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে প্রথম পর্বের ম্যাচে ওড়িশা এফ সি ২-১ গোলে জয়ী হয়েছিল। আইএসএলে লীগ শিল্ড জয়ী সবুজ মেরুন দলকে শেষ চারে পৌঁছতে হলে কালকের ম্যাচ অন্ততঃ দু গোলের ব্যবধানে জিততে হবে।

এই ম্যাচকে ঘিরে মোহনবাগান সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনা সৃষ্টি হয়েছে। টিকিটের চাহিদা তুঙ্গে।

--------------------- ---------------------